গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী
সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা-১২১৯
www.ansarvdp.gov.bd

স্মারক নং-৪৪.০৩.০০০০.০১১.৩৩.০০১.২১. ২৮১৫

তারিখ: ২৮/০৮/১৪৩০ বঙ্গাব্দ।
১৩/১২/২০২৩ খ্রিষ্টাব্দ।

বিষয় : **সাধারণ নির্দেশিকা-মহান বিজয় দিবস-২০২৩ উদ্‌যাপন।**

সূত্র: মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, সরকারি পরিবহনপুল ভবন, সচিবালয় সংযোগ সড়ক, ঢাকা (প্রশাসন-২ শাখা) এর স্মারক নং-৪৮.০০.০০০০.০০১.৪২.০০১.২৩.৫৭, তারিখ: ২৮/১১/২০২৩ খ্রি:।

১। প্রতি বছরের ন্যায় এ বছরও যথাযোগ্য মর্যাদা ও উৎসাহ উদ্দীপনার মধ্য দিয়ে ১৬ ডিসেম্বর, ২০২৩ খ্রি:, শনিবার "মহান বিজয় দিবস-২০২৩" উদ্‌যাপনের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। উক্ত অনুষ্ঠানে উপমহাপরিচালক (রেঞ্জ)/পরিচালক (রেঞ্জ) (রেঞ্জের দায়িত্বপ্রাপ্ত), ব্যাটালিয়ন অধিনায়ক ও জেলা কমান্ড্যান্ট, জোন অধিনায়ক ও অধিনায়ক ভিটিসি নিজ নিজ ইউনিটে উপস্থিত থেকে অনুষ্ঠানসমূহ যথাযথভাবে উদ্‌যাপন নিশ্চিত করবেন। **বিস্তারিত নিম্নরূপ:**

২। **মহান বিজয় দিবস-২০২৩ উদ্‌যাপন উপলক্ষ্যে গৃহীত কর্মসূচি:**

ক। **জাতির উদ্দেশ্যে মহামান্য রাষ্ট্রপতি ও মাননীয় প্রধানমন্ত্রীর বাণী।**

মহান বিজয় দিবস-২০২৩ উপলক্ষ্যে মহামান্য রাষ্ট্রপতি ও মাননীয় প্রধানমন্ত্রীর প্রদত্ত বাণী সকল স্তরের সদস্যদের দরবারে/রোলকলে পাঠ করে শুনাতে হবে।

খ। **সাধারণ ছুটি।**

দিবসটি উদ্‌যাপনের নিমিত্তে ১৬ ডিসেম্বর শনিবার (সাপ্তাহিক ছুটির দিন) সাধারণ ছুটি হিসেবে পালিত হবে। ঘোষণাকৃত সাধারণ ছুটির দিনে সকল কর্মকর্তা-কর্মচারীকে বাধ্যতামূলক রাষ্ট্রীয় কর্মসূচিতে অংশগ্রহণ নিশ্চিত করতে হবে।

গ। **জাতীয় পতাকা উত্তোলন।**

ঐদিন বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তরসহ সকল ইউনিটসমূহে "দি ফ্ল্যাগ রুলস্" (People's Republic of Bangladesh Flag Rules, 1972) অনুযায়ী সঠিক মাপ ও রঙের জাতীয় পতাকা যথাযথভাবে উত্তোলন করতে হবে।

ঘ। **আলোকসজ্জা।**

দিবসটি উদ্‌যাপন উপলক্ষ্যে বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদর দপ্তর, বাংলাদেশ আনসার ও ভিডিপি একাডেমি, রেঞ্জ, আনসার ব্যাটালিয়ন, জেলা, জোন ও ভিটিসি কার্যালয়/গুরুত্বপূর্ণ ভবন/ফটকসমূহে আলোকসজ্জার ব্যবস্থা করতে হবে।

ঙ। **ব্যানার।**

১৬ ডিসেম্বর, ২০২৩ খ্রি:, শনিবার, বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদর দপ্তর, বাংলাদেশ আনসার ও ভিডিপি একাডেমিসহ মাঠ পর্যায়ে রেঞ্জ, আনসার ব্যাটালিয়ন, জেলা, জোন ও ভিটিসি কার্যালয়সমূহে দৃশ্যমান স্থানে ১৫´×৯´ সাইজের প্যানাফ্ল্যাক্স ব্যানার প্রস্তুত করতঃ সুদৃশ্যভাবে প্রদর্শন করতে হবে। বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদর দপ্তর ও আনসার ভিডিপি একাডেমির অফিস বিল্ডিং-এ ড্রপ ডাউন ব্যানার টানাতে হবে।

সংযুক্ত: (ক) **শুধুমাত্র সদর দপ্তর ও একাডেমির জন্য:** ব্যানার এর নমুনা ০৪ (চার) পাতা ও ড্রপ ডাউন ব্যানার এর নমুনা ০২ (দুই) পাতা।

(খ) **অন্যান্য ইউনিটের জন্য:** ব্যানার এর নমুনা ০১ (এক) পাতা।

চ। **বর্ণাঢ্য কুচকাওয়াজ।**

স্থানীয় প্রশাসনের সাথে সমন্বয়পূর্বক মাঠ পর্যায়ে ইউনিটসমূহকে (প্রযোজ্য ক্ষেত্রে) জেলা ও উপজেলা সদরে কুচকাওয়াজ অনুষ্ঠানে অংশগ্রহণ করতে হবে।

ছ। **পুষ্পস্তবক অর্পণ।**

ডেপুটি কমান্ড্যান্ট ও কমান্ড্যান্ট (ভারপ্রাপ্ত), বাংলাদেশ আনসার ও ভিডিপি একাডেমি, একাডেমিতে অবস্থিত স্মৃতিসৌধে বাহিনীর পক্ষ হতে পুষ্পস্তবক অর্পণ করবেন এবং আনসার ব্যাটালিয়ন, জোন ও ভিটিসি কার্যালয়সমূহের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ নিজস্ব ব্যবস্থাপনায় শহিদ স্মৃতিস্তম্ভে পুষ্পস্তবক অর্পণ করতে পারবে। এছাড়া মাঠ পর্যায়ে রেঞ্জ, জেলা ও উপজেলা আনসার ও ভিডিপি কার্যালয়সমূহে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণকে স্থানীয় প্রশাসনের সাথে সমন্বয়পূর্বক শহিদ স্মৃতিস্তম্ভে পুষ্পস্তবক অর্পণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

-২/

জ। **বিশেষ প্রামাণ্যচিত্র/ভিডিও প্রদর্শন।**

বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদর দপ্তর, বাংলাদেশ আনসার ও ভিডিপি একাডেমিসহ মাঠ পর্যায়ে রেঞ্জ, আনসার ব্যাটালিয়ন, জেলা, জোন, ভিটিসি কার্যালয়ে মহান মুক্তিযুদ্ধের ইতিহাস ও ঐতিহ্য ভিত্তিক প্রামাণ্যচিত্র প্রদর্শনের ব্যবস্থা করতে হবে। কর্তব্যরত ব্যক্তিবর্গের জন্য দ্বিতীয়/তৃতীয় বার প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

**সময়:** ১০০০-১১০০ ঘটিকা (স্থানীয় প্রশাসনের সাথে সমন্বয়ের স্বার্থে এ সময় পরিবর্তনযোগ্য)

ঝ। **বিজয়ের গান।**

অর্কেস্ট্রা দল ঐদিন বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী সদর দপ্তর অডিটোরিয়ামে বিজয়ের গান পরিবেশন করবে। সদর দপ্তরে কর্মরত সকল কর্মকর্তা-কর্মচারী ও সদস্যবৃন্দ উক্ত অনুষ্ঠানে উপস্থিত থাকবেন।
**সময়:** ১১০০-১১৩০ ঘটিকা (**শুধুমাত্র সদর দপ্তরের জন্য**)।

ঞ। **প্রীতিভোজ।**

বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, বাংলাদেশ আনসার ও ভিডিপি একাডেমি, রেঞ্জ কার্যালয়, রেঞ্জের আওতাধীন সকল ব্যাটালিয়ন, জেলা, জোন, ভিটিসিতে প্রচলিত নিয়মানুযায়ী প্রীতিভোজের আয়োজন করা হবে। ঐদিন আনসার ও ভিডিপি হাসপাতালে একই সময়ে রোগীদের মাঝে উন্নতমানের খাবার পরিবেশন করা হবে।

**সময়:** ১২১৫ ঘটিকা।

ট। **বিশেষ মোনাজাত।**

এ বাহিনীর সকল মসজিদে ঐদিন বাদ যোহর মহান স্বাধীনতা যুদ্ধে শহিদ বীর মুক্তিযোদ্ধাগণের বিদেহী আত্মার মাগফেরাত/যুদ্ধাহত মুক্তিযোদ্ধাদের সুস্বাস্থ্য ও জাতির সুখ, শান্তি, সমৃদ্ধি এবং বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর উত্তরোত্তর অগ্রগতি কামনা করে বিশেষ মোনাজাতের ব্যবস্থা করা হবে।

ঠ। **বাদক দলের পরিবেশনা।**

অন্যান্য সরকারি প্রতিষ্ঠানের সাথে সমন্বয়পূর্বক সংসদ ভবনের দক্ষিণ প্লাজাসহ বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থানে এবং এবার নতুন সংযোজনকৃত পদ্মা বহুমুখী সেতুর পার্শ্বে বিভিন্ন বাহিনীর বাদকদলের সাথে ১৫০০ ঘটিকা হতে সূর্যাস্ত পর্যন্ত বাদ্য পরিবেশন করবেন।

ড। **স্কুল এন্ড কলেজ।**

ভাষা শহীদ আব্দুল জব্বার আনসার ভিডিপি স্কুল এন্ড কলেজে এ সংক্রান্ত শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত নির্দেশনা মোতাবেক প্রয়োজনীয় অনুষ্ঠানের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

ঢ। **পোশাক:**

(ক) পুষ্পস্তবক অর্পণ অনুষ্ঠানে আনুষ্ঠানিক পোশাক (মেডেলসহ)।
(খ) জাতীয় পতাকা উত্তোলন এ নির্ধারিত পোশাক।
(গ) অন্যান্য কর্মসূচিতে মার্জিত পোশাক।

৩। কর্তৃপক্ষের অনুমোদক্রমে সংশ্লিষ্ট সকলের অবগতি ও পরবর্তী কার্যক্রমের জন্য এ সাধারণ নির্দেশিকা জারি করা হলো।

Jahanara Akter
১৩-১২-২৩
জাহানারা আক্তার, বিএএমএস (বার)
বিএভি-১২০০৭৯
পরিচালক (প্রশাসন)
দূরালাপনী: ৪৭২১৪৯২৫
ই-মেইল: dir_admin@ansarvdp.gov.bd

স্মারক নং-৪৪.০৩.০০০০.০১১.৩৩.০০১.২১. ২৮১৫

তারিখ: ২৮/০৮/ ১৪৩০ বঙ্গাব্দ।
১৩/১২/ ২০২৩ খ্রিষ্টাব্দ।

অনুলিপি:

১। সিনিয়র সচিব
জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। — সদয় অবগতির জন্য।
২। সশস্ত্র বাহিনী বিভাগ, ঢাকা সেনানিবাস, ঢাকা। — ”
৩। অতিরিক্ত মহাপরিচালক
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। — ”

D:\Babul\16 December-2016 A4.doc

| | | |
|---|---|---|
| ৪। | উপমহাপরিচালক (প্রশাসন/অপারেশনস্/প্রশিক্ষণ)<br>বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। | সদয় অবগতি ও কার্যক্রমের জন্য। |
| ৫। | ডেপুটি কমান্ড্যান্ট ও কমান্ড্যান্ট (ভারপ্রাপ্ত)<br>বাংলাদেশ আনসার ও ভিডিপি একাডেমি, সফিপুর, গাজীপুর। | " |
| ৬। | উপমহাপরিচালক (রেঞ্জ)/পরিচালক (রেঞ্জ) (রেঞ্জের দায়িত্বপ্রাপ্ত) (সকল)<br>বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, ..................... রেঞ্জ। | " |
| ৭। | পরিচালক (সকল).............................................................<br>বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা/<br>বাংলাদেশ আনসার ও ভিডিপি একাডেমি, সফিপুর, গাজীপুর। | অবগতি ও কার্যক্রমের জন্য। |
| ৮। | ব্যাটালিয়ন অধিনায়ক (সকল)<br>............আনসার ব্যাটালিয়ন,................................................ | " |
| ৯। | পরিচালক, মহানগর আনসার ঢাকা ও চট্টগ্রাম। | " |
| ১০। | পরিচালক, আনসার গার্ড ব্যাটালিয়ন, ভাটারা ঢাকা। | " |
| ১১। | অধিনায়ক, আনসার ফোর্স, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা। | " |
| ১২। | নির্বাহী প্রকৌশলী, উপপরিচালক (চিকিৎসা) ও আইন বিষয়ক উপদেষ্টা।<br>বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। | " |
| ১৩। | তত্ত্বাবধায়ক<br>বাংলাদেশ আনসার ও ভিডিপি হাসপাতাল, সফিপুর, গাজীপুর। | আনসার ও ভিডিপি হাসপাতালে উন্নতমানের খাবার পরিবেশনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। |
| ১৪। | অধ্যক্ষ<br>ভাষা শহীদ আব্দুল জব্বার আনসার ভিডিপি স্কুল এন্ড কলেজ, সফিপুর, গাজীপুর। | ভাষা শহীদ আব্দুল জব্বার আনসার ভিডিপি স্কুল এন্ড কলেজে নির্দেশিত অনুষ্ঠানসমূহ আয়োজন করবেন। |
| ১৫। | উপপরিচালক (প্রশাসন-উইং)<br>বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। | বাদ্য পরিবেশন এবং অন্যান্য কার্যক্রম আয়োজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। |
| ১৬। | উপপরিচালক (সকল)...[illegible]................................<br>বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা/<br>বাংলাদেশ আনসার ও ভিডিপি একাডেমি, সফিপুর, গাজীপুর। | অবগতি ও কার্যক্রমের জন্য। |
| ১৭। | উপপরিচালক (সমন্বয়)<br>বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। | মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য। |
| ১৮। | উপপরিচালক (প্রশাসন)<br>বাংলাদেশ আনসার ও ভিডিপি একাডেমি, সফিপুর, গাজীপুর। | বাংলাদেশ আনসার ও ভিডিপি একাডেমিতে পুষ্পস্তবক অর্পণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। |
| ১৯। | জেলা কমান্ড্যান্ট (সকল)........................................................ | স্থানীয় প্রশাসনের সাথে সমন্বয়পূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং অধীন সকলকে অবহিত করবেন। |
| ২০। | জোন অধিনায়ক (সকল), ঢাকা/চট্টগ্রাম মহানগর আনসার............... | " |
| ২১। | ওআইসি, ডিএমপি ২০০০ গ্রুপ, ঢাকা। | অবগতি ও কার্যক্রমের জন্য। |
| ২২। | অধিনায়ক, ভিটিসি, কলাকোপা, নবাবগঞ্জ, ঢাকা/ভিটিসি গাজীপুর। | " |
| ২৩। | গণসংযোগ কর্মকর্তা<br>বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। | সংশ্লিষ্ট সকল ইউনিটে প্রামাণ্যচিত্র প্রেরণ এবং সদর দপ্তরে বিজয়ের গান পরিবেশনের ব্যবস্থা করবেন। |
| ২৪। | আইসিটি শাখা<br>বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। | পত্রটি এ বাহিনীর ওয়েবসাইটে প্রচার করবেন। |
| ২৫। | সহকারী পরিচালক (সকল)...........................................................<br>বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা/<br>বাংলাদেশ আনসার ও ভিডিপি হাসপাতাল, সফিপুর, গাজীপুর। | অবগতি ও কার্যক্রমের জন্য। |
| ২৬। | বাজেট ও হিসাবরক্ষণ কর্মকর্তা (আনসার ও ভিডিপি)<br>বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। | " |
| ২৭। | বিভাগীয় হিসাবরক্ষণ কর্মকর্তা ও আরপি অফিসার<br>বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। | " |
| ২৮। | নিয়ন্ত্রণ কক্ষ<br>বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। | সংশ্লিষ্ট সকলকে অবগতির জন্য। |
| ২৯। | অফিস ও মাস্টার কপি। | |

Jahanara Akter
১৩-১২-১৩
পরিচালক (প্রশাসন)

D:\Babul\16 December-2016 A4.doc